

সিটিজেন চার্টার

- সমবায় একটি নিবন্ধনকৃত এবং গনতান্ত্রিক শৃঙ্খলায় পরিচালিত অর্থনৈতিক সংগঠন যার সামাজিক সম্পৃক্ততা রয়েছে।
- নিবন্ধক যা অনুমোদন ব্যতিত কোন সংগঠন কিংবা সমিতি বা সংঘের নামে সমবায় বা কো-অপারেটিভ শব্দ ব্যবহার করা যায় না এবং কেউ যদি এই আইনটি লংঘন করেণ তবে দায়ী ব্যক্তি অনধিক এক বৎসরের কারাদন্ডে বা অনধিক পাঁচ হাজার টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবেন।
- একটি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধকের ক্ষেত্রে ন্যূনতম ২০(কুড়ি) জন ব্যক্তি সদস্যের প্রয়োজন।
- কেন্দ্রীয় সমবায় সমিতি অর্থাৎ এমন একটি সমবায় সমিতি, যার সদস্য হবে একইরূপ অন্ততঃ ১০(দশ) টি প্রাথমিক সমবায় সমিতি।
- জাতীয় সমবায় সমিতি অর্থাৎ এমন একটি সমবায় সমিতি, যার সদস্য হবে একই উদ্দেশ্য সম্বলিত ১০(দশ)টি কেন্দ্রীয় সমিতি।
- সমবায় সমিতি নিবন্ধনের উদ্দেশ্যে নির্ধারিত ফরমে, নির্ধারিত পদ্ধতিতে, নির্ধারিত ফি, সমিতি প্রসঙ্গাবিত উপ আইনের তিনটি কপি এবং নির্ধারিত অন্যান্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট নিবন্ধকের নিকট আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট নিবন্ধক ৬০ দিনের মধ্যে নিবন্ধক কার্য সম্পাদন করবেন অথবা ৩০দিনের মধ্যে সংশ্লিষ্টদের নিকট প্রয়োজনীয় তথ্য দাখিলের পরামর্শ দিতে পারেন।
- নিবন্ধন সনদঃ পেশকৃত নিবন্ধনের কোন আবেদন মঞ্জুর হলে নিবন্ধক আবেদনকারীর বরাবরে নির্ধারিত ফরমে একটি নিবন্ধন সনদ ইসু করবেন এবং এ সনদ উক্ত সমিতির নিবন্ধনের ব্যাপারে চূড়ান্ত প্রামাণ্য দলিল হিসেবে গণ্য হবে।
- প্রত্যেক সমবায় সমিতি একটি সংবিধিবদ্ধ সংস্থা যার স্থায়ী ধারাবাহিকতা আছে।
- সমবায় আইন, বিধি উপবিধি পালন শর্তে সমবায় সমিতি চূড়ান্ত কতৃৎ তার সাধারণ সভার উপর বর্তাবে।
- প্রত্যেক সমবায় সমিতির ব্যবস্থাপনার দায়িত্ব আইন, বিধি, উপবিধি মোতাবেক গঠিত একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যসন্ন থাকবে এবং সাধারণ সভায় সম্পাদনযোগ্য কার্য উক্ত কমিটি সম্পাদন করবে।
- সমবায় আইন অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতিতে কমপক্ষে ৭(সাত)টি রেজিষ্টার হালনাগাদ সংরক্ষণ করতে হবে।
- সাধারণ সভার অনুমতি ব্যতিত কোন সমবায় সমিতির স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহনের ন্যায় সম্পত্তি যা সমিতির মূলধনের অংশ তা বিক্রয়, বিনিময় যা ৫(পাঁচ)বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের মাধ্যমে গ্রহন করতে হবে। এর ব্যতয় ঘটলে শাস্তিযোগ্য অপরাধ।
- সমিতির হিসাব ও কার্যক্রম নিবন্ধক কর্তৃক মনোনীত বা প্রতিষ্ঠান দ্বারা বাৎসরিক অডিট কার্য সম্পাদন করতে হবে।
- সমিতির কার্যক্রমে সংক্ষুব্দ হলে ব্যবস্থাপনা কমিটির এক তৃতীয়াংশ সদস্য অথবা সাধারণ সদস্যের ১০% নিবন্ধকের নিকট তদন্তের আবেদন করতে পারেন।
- সমিতির কার্যক্রম, অবসায়ন অথবা নির্বাচন পরিচালনা সংক্রান্ত বিষয়ে কোন সংক্ষুব্দ ব্যক্তি সংশ্লিষ্ট নিবন্ধক এর নিকট বিধি মোতাবেক সালিশ দাবী করতে পারেন। সালিশের সিদ্ধান্তের বিরুদ্ধে ৩০দিনের মধ্যে আপিল করতে পারেন।
- সমবায় আইন ভঙ্গকারী কোন ব্যক্তি ৫০০০(পাঁচ হাজার) টাকা জরিমানা বা ৬ মাসের কারাদন্ড হতে পারে।
- সমবায় সংক্রান্ত যেকোন তথ্য বা পরামর্শের প্রয়োজন হলে যে কোন সমবায় কার্যালয়ে কোন ব্যক্তি পরামর্শ করতে পারেন।